গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২৩৩.২২.২৮৮

তারিখঃ১৭ /০৮/২০২২ খ্রিঃ

বিভাগীয় মামলা নং- 068/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি রীতা রানী মুখার্জী, পিতাঃ মহাদেব মুখার্জী, সিনিয়র স্টাফ নার্স, জেনারেল হাসপাতাল, বরিশালে কর্মরত আছেন;

২। যেহেতু, আপনি ভারতে তীর্থস্থান ভ্রমণের উদ্দেশ্যে গত ০৫/১০/২০১৯ হতে ০৩/১১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বা ছুটি ভোগের তারিখ হতে মোট ৩০ (ত্রিশ) দিন বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটির অনুমোদন নিয়ে ০৬/১০/২০১৯ খ্রিঃ তারিখ স্থানীয় কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র গ্রহণ করেন;

৩। যেহেতু, আপনি ছুটি শেষে ০৬/১১/২০১৯ খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন;

৪। যেহেতু, আপনাকে এ অধিদপ্তরের গত ০৮/০৬/২০২০ খ্রিঃ তারিখের ডিজিএনএম/শা-১/১র-১০২৫/৯৮/১৯ নং স্মারকে কারণ দর্শানো হয়;

৫। যেহেতু, আপনি উক্ত কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি;

৬। যেহেতু, আপনার কর্তৃক কর্মস্থলে দীর্ঘদিন অনুপস্থিত থাকা দায়িত্ব পালনে চরম অবহেলা ও সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি মোতাবেক অসদাচরণের সামিল;

৭। যেহেতু, আপনার কর্তৃক কর্মস্থলে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল অননুমোদিত অনুপস্থিতি সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(চ) মোতাবেক "পলায়ন"এর আওতাভুক্ত অপরাধ;

৮। সেহেতু, আপনি রীতা রানী মুখার্জী, পিতাঃ মহাদেব মুখার্জী, সিনিয়র স্টাফ নার্স, জেনারেল হাসপাতাল, বরিশাল-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণ ও ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে বরখাস্ত করা হবে না অথবা উক্ত বিধির আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে লিখিত জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানি প্রদান করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর একপ্রস্থ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাঃ
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওইয়াইফারি অধিদপ্তর, ঢাকা
ই-মেইল-info@dgnm.gov.bd

<u>প্রাপকঃ</u>
রীতা রানী মুখার্জী
সিনিয়র স্টাফ নার্স

<u>কর্মস্থলের ঠিকানাঃ</u>
রীতা রানী মুখার্জী
পিতাঃ মহাদেব মুখার্জী
সিনিয়র স্টাফ নার্স
জেনারেল হাসপাতাল, বরিশাল

<u>স্থায়ী ঠিকানাঃ</u>
রীতা রানী মুখার্জী
পিতাঃ মহাদেব মুখার্জী
গ্রামঃ+ রাজারচর, পোঃ সাহেবের হাট
উপজেলাঃ বরিশাল সদর, জেলাঃ বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০১.২২. ২৭০ তারিখঃ /০৮/২০২২ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

ববিতা রানী, পিতাঃ মনমোহন চন্দ্র সূত্রধর, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ভৈরব, কিশোরগঞ্জের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত কর্তৃক গত ০৭/০৪/২০২২ খ্রিঃ তারিখ দাখিলকৃত কারণ দর্শানোর জবাব এবং অভিযোগকারী কর্তৃক দাখিলকৃত অভিযোগ প্রত্যাহারের প্রত্যয়নপত্র সন্তোষজনক বিবেচিত হয়েছে।

২। এমতাবস্থায়, আনীত অভিযোগ হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো। ভবিষ্যতে সতর্কতার সাথে দায়িত্ব পালনের জন্য তাকে বলা হলো।

১৭/৮/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন-০২-৪১০৮০৪১৭

ববিতা রানী
পিতাঃ মনমোহন চন্দ্র সূত্রধর
সিনিয়র স্টাফ নার্স
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
ভৈরব, কিশোরগঞ্জ।

স্মারক নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.২০১.২২. ২৭০/১(৬) তারিখঃ১৭/০৮/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে

১। পরিচালক (প্রশাসন), এ অধিদপ্তর, ঢাকা।
২। সিভিল সার্জন, কিশোরগঞ্জ।
৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
৪। জেলা পাবলিক হেলথ নার্স, কিশোরগঞ্জ।
৫। সহকারি পরিচালক (পিএমআইএস), এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৭/৮/২২
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.২২৭.২২. ২৭২ তারিখ-১১/০৮/২০২২ খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানোর নোটিশ ।

আপনি সুফিয়া বেগম, পিতা- ইয়াকুব আলী জমাদ্দার, সেবা তত্ত্বাবধায়ক, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল এর বিরুদ্ধে দৈনিক যুগান্তর সহ স্থানীয় বিভিন্ন সংবাদমাধ্যমে এ মর্মে সংবাদ প্রকাশিত হয়েছে যে, সিলেট ও সুনামগঞ্জের সাম্প্রতিক বন্যায় বন্যার্তদের সাহায্য করার নামে আপনি অবৈধভাবে চাঁদা উত্তোলন করেছেন। উক্ত মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালকের নির্দেশ অমান্য করে নিজেকে সভাপতি করে চাঁদা উত্তোলন কমিটি গঠন করেন। অতঃপর হাসপাতালের ৮৮৭ জন নার্সের নিকট থেকে ৩০০/- টাকা করে ২,৬৬,১০০/- টাকা এবং ৫৩ জন নার্সিং সুপারভাইজার এর নিকট হতে ৫০০/- টাকা করে ২৬,৫০০/- টাকা, মোট ২,৯২,৬০০/- টাকা চাঁদা উত্তোলন করে আত্মসাৎ করেন। আপনার এহেন কর্মকান্ড অসদাচরণের সামিল।

২। এমতাবস্থায়, উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে কেন আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে দাখিলের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

১১/৮/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
উপসচিব
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)
ফোন নং: ০২-৪১০৮০৪১৭

সুফিয়া বেগম
পিতা- ইয়াকুব আলী জমাদ্দার
সেবা তত্ত্বাবধায়ক
শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল

অনুলিপি: জ্ঞাতার্থে
১। পরিচালক, শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল ।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৪। জেলা পাবলিক হেলথ নার্স, বরিশাল।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯০.২১.২৭৩ তারিখঃ ১১/০৮/২০২২ খ্রিঃ

**অফিস আদেশ**

যেহেতু, এমেলী সুলতানা, পিতাঃ মোঃ আবুল হোসেন, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা সেনানিবাস, ঢাকা গত ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তিনি এ অধিদপ্তরের কৈফিয়ত তলবের জবাব ০৩/০৫/২০২১ খ্রিঃ তারিখে দাখিল করেন এবং ০৭/০৫/২০২১ খ্রিঃ তারিখে কর্মস্থলে যোগদানের অনুমতি প্রার্থনা করেন। কৈফিয়ত তলবের জবাবে তিনি শারীরিক ও মানসিক অসুস্থতার কথা উল্লেখ করেন।

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণ ও ২(চ) বর্ণিত পলায়নের অভিযোগে এ অধিদপ্তরের ১৪/১২/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯০.২১.৫০১ নং স্মারকে তার বিরুদ্ধে ০৪৪/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়।

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা রুজুকৃত বিভাগীয় মামলার কারণ দর্শানোর জবাব ২৯/১২/২০২১ খ্রিঃ তারিখ দাখিল করেন এবং উক্ত জবাব পর্যালোচনায় ও গত ১৮/০৫/২০২২ খ্রিঃ তারিখের গৃহীত ব্যক্তিগত শুনানি অন্তে সন্দেহাতীতভাবে প্রতীয়মান হয় যে, তিনি গত ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৬/০৫/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ৪০৭ দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে দায়িত্ব পালনে চরম অবহেলা প্রদর্শন করেছেন। যা অসদাচরণ ও পলায়নের সামিল।

৪। যেহেতু, তার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বর্ণিত অসদাচরণ ও ২(চ) বর্ণিত পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং একই বিধিমালার ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক তিনি নিঃসন্দেহে অসদাচরণ ও পলায়নের অপরাধে অপরাধী।

৫। সেহেতু, এমেলী সুলতানা, পিতাঃ মোঃ আবুল হোসেন, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা সেনানিবাস, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(খ) বিধি অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে ০১ (এক) টি বার্ষিক বর্ধিত বেতন ০৪ (চার) বছরের জন্য স্থগিত রাখার দন্ড আরোপ করা হলো। শাস্তির মেয়াদ শেষে তিনি স্থগিতকৃত বার্ষিক বর্ধিত বেতনের বকেয়া পাবেননা এবং এই মেয়াদ বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯০.২১.২৭৩/১(৬) তারিখঃ ১১/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ জ্ঞাতার্থে/ কার্যার্থে
১। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সহকারী পরিচালক, পিএমআইএস, এ অধিদপ্তর, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশ ও পিডিএস হালনাগাদ এর জন্য)
৫। সেবা তত্ত্বাবধায়ক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ অধিদপ্তর, ঢাকা।

১৭/৮/২২
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃংখলা)